

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/১০



তারিখ: ০৫/০১/২০২০

জরুরি বিজ্ঞপ্তি

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদের বিষয়ভিত্তিক শূন্যপদের তথ্য আগামী ০৬/০১/২০২০ তারিখের মধ্যে ddgovtcollege@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা পদায়নের অপেক্ষায় স্ব-স্ব প্রতিষ্ঠানে পূর্বের পদে (ইনসিটু) কর্মরত আছেন সে সকল প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ের সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক পর্যায়ের পদটি কোন ক্রমেই শূন্য হিসেবে দেখানো যাবে না। পদায়নের অপেক্ষারত অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের মূলপদে পদায়নের পর উক্ত পদটি শূন্য হিসেবে দেখাতে হবে। এ বিষয়ে পরবর্তী কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান দায়ী হবেন।

বিষয়টি অতীব জরুরি।


(ড. শাহ মো: আমির আলী)
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫


অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)
- ৩। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়ম/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ
- ৪। সংরক্ষণ নথি